# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৬১: নিম্নবর্ণিত হাদীসগুলি কি সহীহ নাকি রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর উপর সেগুলি মিথ্যারোপ? “তোমরা যখন সংকীর্ণ অবস্থায় পতিত হও, তখন কবর যিয়ারত কর”, “যে ব্যক্তি হজ্জ করল অথচ আমার কবর যিয়ারত করল না, সে আমার সাথে শত্রুতা পোষণ করল”, “যে ব্যক্তি একই বছরে আমাকে এবং আমার পিতা ইবরাহীমকে যিয়ারত করে, আমি তার জন্য জান্নাতের যিম্মাদার হয়ে যাবো”, “যে ব্যক্তি আমার মৃত্যুর পর আমার কবর যিয়ারত করল, সে যেন আমার জীবদ্দশায় আমার সাথে সাক্ষাত করল”, “আল্লাহ্‌র কোনো অলী যদি কোনো কিছুকে বলে, ‘হও’, তাহলে তা হয়ে যায়”, “কোনো ব্যক্তি যদি কিছুতে দৃঢ় বিশ্বাস স্থাপন করে, তবে তা তার উপকারে আসে।”

উপরোক্ত সবগুলি হাদীসই জাল এবং রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর নামে মিথ্যাচারিতা। এগুলি বিদ‘আতী ও কবর পূজারীদের সৃষ্টি। মনে রাখতে হবে, যিনি কোনো কিছু হয়ে যেতে বললে হয়ে যায়, তিনি হচ্ছেন একমাত্র আল্লাহ; কোনো নবী-রাসূল বা অলী-আউলিয়া কখনই এটি করতে সক্ষম নন। মহান আল্লাহ বলেন,

﴿ إِنَّمَآ أَمۡرُهُۥٓ إِذَآ أَرَادَ شَيۡـًٔا أَن يَقُولَ لَهُۥ كُن فَيَكُونُ ٨٢ ﴾ [يس: ٨٢]

“তিনি যখন কোন কিছু করতে ইচ্ছা করেন, তখন তাকে কেবল বলে দেন, ‘হও’, তখনই তা হয়ে যায়” (ইয়াসীন ৮২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1546

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন